ঝিনাইদহে ট্রাক চাপায় মোটর সাইকেল আরোহি নিহত

ঝিনাইদহ সদর উপজেলার মধুপুর নামক স্থানে ট্রাক চাপায় ইমন আহম্মেদ রবিন (১৮) নামের এক মোটর সাইকেল আরোহি নিহত হয়েছে।২৯/০১/২১ রোজ
শুক্রবার আনোমানিক ১◌ঃ৩০ মিনিটে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের ওই স্থানে দুর্ঘটনা ঘটে। নিহত রবিন শহরের ব্যাপারীপাড়ার রবিউল ইসলামের ছেলে।
ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, শুক্রবার দুপুরে রবিন মোটর সাইকেল যোগে মধুপুর থেকে ঝিনাইদহে ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি মাইক্রোবাস তাকে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। এসময় বিপরীত আসা একটি ট্রাক তাকে চাঁপা দিয়ে পালিয়ে যায়। খবর পেয়ে ঝিনাইদহ ফায়ার সার্ভিসের কর্মীরা তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষনা করেন।

আশার আলো হয়ে করোনার ভ্যাকসিন পৌঁ◌ঁছেচে ঝিনাইদহে

ঝিনাইদহে প্রথম ধাপে ৬০ হাজার ডোজ করোনার ভ্যাকসিন পৌঁ◌ঁছেচে। শুক্রবার দুপুরে বেক্সিমকো কোম্পানীর ফ্রিজার ভ্যান যোগে আশার আলো হয়ে করোনার ভ্যাকসিন পৌঁছায়। সিভিল সার্জনের কার্যালয় চত্বরে এ ভ্যাকসিন গ্রহণ করেন ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও ঔষধ প্রশাসনের কর্মকর্তারা।সিভিল সার্জন বলেন, প্রথম ধাপে ৫টি কার্টুনে ৬০ হাজার ডোজ ভ্যাকসিন বুঝে নেওয়া হয়েছে। এটি ইপিআই ভবনের স্টোর রুমে রাখা হয়েছে। আগামী ১ এবং ২ফেব্রুয়ারি সিভিল সার্জন অফিসে প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে। পরবর্তীতে প্রশিক্ষকবৃন্দ উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদাণ করবেন। আশা করছি

আগামী ৭ ফেব্রুয়ারি হতে পর্যায়ক্রমে অগ্রাধিকার ভিত্তিতে প্রাপ্য ব্যক্তিদের এই ভ্যাকসিন দেওয়া শুরু হবে।

১৪ ফেব্রুয়ারির আগে খুলছে না শিক্ষা প্রতিষ্ঠান

শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। শুক্রবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি বাড়ানোর এই সিদ্ধান্ত জানানো হয়।

সেখানে বলা হয়, “শিক্ষামন্ত্রী দীপু মনি সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে আলোচনা করে ছুটি বাড়ানোর সিদ্ধান্তের কথা জানান। ছুটি চলাকালে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান থাকবে।”

বাংলাদেশে করোনাভাইসের প্রকোপ বাড়তে শুরু করলে গত ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়। কওমি মাদ্রাসা বাদে অন্যসব শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ জানুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণা করা ছিল।

গাংনীতে সামাজিক যাত্রাপালার নামে অশ্লীল নৃত্য, অভিযোগ জনতার

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট গ্রামে পুলিশের পাহারায় অশ্লীল যাত্রাপালা হয়েছে বলে জানা গেছে। বৃহস্পতিবার পুরাতন কলেজের পিছনে রাত থেকে ভোর পর্যন্ত চলে এই যাত্রাপালা।

নাম প্রকাশ করা যাবে না এমন শর্তে জানান, সামাজিক যাত্রাপালা হওয়ার কথা থাকলেও রাত বাড়ার সাথে সাথে অশ্লীল নিত্য দেখা যায়। করোনা কালীন সময়ে যেখানে ওয়াজ মাহফিল প্রশাসনের কাছে অনুমতি পাচ্ছে না সেখানে কিভাবে অশ্লীল যাত্রা পুলিশ কর্মকর্তারা নিজে দাঁড়িয়ে থেকে চালাতে দিচ্ছে এমন প্রশ্নই জনমত সৃষ্টি হয়েছে।

বাওট গ্রামের এক যুবক জানান, রাত বারোটা পর্যন্ত সুন্দর মতোই সামাজিক যাত্রাপালা হচ্ছিল এর পরেই কিছু খারাপ মেয়ে নিয়ে এসে তারা অশ্লীল গানের সাথে অশ্লীল নৃত্য শুরু করে এসময় এলাকার অনেক যুবকেরা চলে আসে।

সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি জানান, মেয়েগুলো বাসা কোথায় আমরা জানি না তাদের ভাড়া করে নিয়ে আসে খারাপ নাচ দেখানোর জন্য।

তিনি আরো জানান, দুজন পুলিশ সদস্য এখানে উপস্থিত থেকে যাত্রাপালায় কোন প্রকার ঝামেলা না হয় তাই পাহারা দিচ্ছিল। বাওট গ্রামের বর্তমান মেম্বার সাহাবুল ইসলামের মুঠোফোনে ফোন দিয়েও তিনি ফোন রিসিভ করেননি।

কুমারীডাঙ্গা ক্যাম্পের এএসআই আসাদুজ্জামান জানান, সাবেক ও বর্তমান মেম্বারগন আমাকে চায়ের দাওয়াত দিয়েছিল যে কারণে আমি চা খেয়ে খেয়ে ডিউটিতে চলে আসি শুকুরকান্দি মাঠে।

সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি জানান, সেখানে অনুমতি ছিল কিনা আমার জানা নেই আমি শুধুমাত্র চা খেয়ে চলে এসেছি।উক্ত অশ্লীল যাত্রাপালা সহযোগীতায় ছিলেন সাবেক মেম্বার নিয়ামত আলী, বর্তমান মেম্বার সাহাবুদ্দীন আহমেদ, বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি কাম নাইটগার্ড মনিরুজ্জামান মনি, কুমারীডাঙ্গা ক্যাম্পের এএসআই আসাদুজ্জামান, রবিউল ইসলাম, ময়নাল হক, জাহাঙ্গীর আলম, বাবলু, রাজ্জাক প্রমুখ।

চুয়াডাঙ্গায় পৌছেছে করোনার টিকা

চুয়াডাঙ্গায় পৌছেছে করোনার টিকা। আজ শুক্রবার সকাল সাড়ে ১০টায় করোনার টিকাবাহি গাড়ি চুয়াডাঙ্গার সিভিল সার্জন কার্যালয়ে পৌছে।

এসময় সিভিল সার্জনসহ স্বাস্থ্য বিভাগের কর্মিরা টিকার গাড়ি থেকে টিকা নামিয়ে নির্দিষ্ট রুমে সংরক্ষণ করেন।

চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, চুয়াডাঙ্গা জেলার জন্য প্রথম ধাপে করোনার টিকা এসে পৌছেছে।

এই টিকা ৩৬ হাজার জনকে প্রথমবার দেওয়া যাবে। জেলা সদরসহ উপজেলা হাসপাতাল গুলোতে পাঠানো হবে টিকা। জেলার চার উপজেলাতেই টিকা সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

সিভিল সার্জন জানান, ৫০টি টিম জেলায় করোনা টিকা নিয়ে কাজ করবে।

গাংনীর কাজীপুরে ইসলামী ব্যাংকের উদ্যেগে ফ্রি মেডিকেল ক্যাম্প

গাংনীর কাজীপুরের গোলাম বাজারে ইসলামী ব্যাংক এজেন্ট শাখার উদ্যেগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শ্রক্রবার কাজীপুর গোলাম বাজারে দিন ব্যপি ফ্রি মেডিকেল ক্যাম্প চলমান থাকবে। এখানে মেয়ে ও পুরুষদের আলাদা আলাদা সিরিয়ালে রোগ নির্ণয় রকার্যক্রম চলছে।

স্থানীয় বীর মুক্তিযোদ্ধা গোলাম রহমান জানান, এই কাজীপুর

এলাকাটি প্রত্যান্ত এলাকা এই এলাকায় ইসলামী ব্যাংক টি করে আমাদের গ্রামের মানুষকে আর ১০ কিলো দুরে যেতে হয় না। সুযোগ সুবিধাও অনেক সুন্দর। তার সাথে আজকে যে ফ্রি মেডিকেল ক্যাম্প দিয়েছে তা আমাদের এলাকার অনেক গরীব দুঃখি মানুষ চিকিৎসা নিতে পারছেন। ধন্যবাদ জানায় এজেন্ট ব্যাংকেল মালিক পলাশ ভাই কে।

এ বিষয়ে ইসলামী ব্যাংক কাজীপুর এজেন্ট শাখার মালিক সাজ্জাদ হুছাইন পলাশ জানান, আমরা ইসলামী ব্যাংক সেবার পাশাপাশি সামাজিক ভাবে মানুষের পাশে দাড়ানোর লক্ষ্যে আজকের ফ্রি মেডিকেল ক্যাম্প। আজকে এখানে ৩ জন মেডিসিন ডাক্তারসহ ২২ জন নার্স আছেন এখানে প্রাথমিক ভাবে ডাইবেটিজ পরিক্ষা প্রেশার পরিক্ষা করা হচ্ছে। এবং তাদের প্রথমিক ভাবে বিনামুল্যে ঔষধ দিচ্ছি।

এখানে আজকে ফরিদপুর মেডিকেল কলেজ এন্ড হসপিটালের একটি সংগঠন সলিউশন ফর হেলথ এন্ড স্যানিটাইজেশন এর সৌজনে আজকে এত বড় মেডিকেল ক্যাম্প। তাই ধন্যবাদ জানায় আজকের এই সংগঠনের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন মৃদুলা কে।

ফের বাড়ল শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি

করোনা মহামারির কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (কওমি ছাড়া) চলমান ছুটি আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে।

আজ শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি সংশ্লিষ্ট সকলপক্ষের সাথে আলোচনা করে এ সিদ্ধান্তের কথা জানান।

প্রসঙ্গত, বাংলাদেশে গত ৮ মার্চ ২০২০ প্রথম করোনা রোগী শনাক্তের পর গত ১৭ মার্চ ২০২০ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর ৩০ জানুয়ারি ২০২১ পর্যন্ত ছুটি ছিল, সেই ছুটি এবার ১৪ ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত বাড়ল। ছুটি চলাকালে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

প্রার্থীরা। করছেন গণসংযোগ, পথসভা সহ মোটরসাইকেল শোভাযাত্রা।

শেষ প্রচারণা হিসেবে আ.লীগের নৌকা প্রতীকের মনোনীত প্রার্থী শাহাজান আলীর নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে শহরের পায়রা চত্তরে এই জনসভা অনুষ্ঠিত হয়। পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কেন্দ্রীয় আ.লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আ.লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা আ.লীগের সহ-সভাপতি ও স্থানীয় সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাশ, ঝিনাইদহ উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুর রশিদ, জেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক অশোক কুমার ধর, কোটচাঁদপুর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, কালিগঞ্জ পৌর মেয়র আশরাফুল ইসলামসহ আ.লীগ এবং অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা। সভায় সকল নেতা-কর্মীদের নৌকার প্রার্থীর পক্ষে কাজ করতে অনুরোধ জানানো হয়।

সূত্র মতে কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে ৪ মেয়র প্রার্থী ছাড়াও ৯টি ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর পদে ৩৪ এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর প্রার্থী হিসেবে ১২ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে ৯টি ওয়ার্ডে ১৪ টি কেন্দ্রে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। যার মধ্যে পুরুষ ভোটার ১৩ হাজার ৪’শ ৮৫জন এবং মহিলা ভোটার ১৪ হাজার ৮ জন।

[redacted]

[redacted]